

আবার ফিরে এলে লিরিক্স:-

তোমার অভিমানে ভরা,
কৃষ্ণকলি নামে ধরা দিতে চায়,
পথ হারিয়ে ফেলে সুবর্ণরেখা তাই,
দু'চোখ ঢেকে যাচ্ছি কে কোথায়।

তোমার অভিধানে আছে
এমন কোনো হাসি ছুঁয়ে গেছে মন,
মুগ্ধ হব আবার অল্প কিছুক্ষণ
হাতের মুঠোয় চাইছি শিহরণ।

যাত্রীহীন এই রাত্রিগুলোর বন্ধু হবে কে?
শীতের বোতাম আটকে নিয়ে সঙ্গী হবে কে?
ওই পাথুরে ঝর্ণা জলের ঝিম ঝিম উল্লাসে,
এক নিমেষে হাওয়ার ছোবল এড়িয়ে যাবে সে।

আবার ফিরে এলে জেগে আছি পড়িনি ঘুমিয়ে,
আবার ফিরে এলে ভালোবাসায় পুড়েও যাইনি ফুরিয়ে।

তোমার বিপদগুলির কাছে
ডানা মেলে আমি জানতে পরিচয়,
মেরুন কোনো দ্বীপে থাক রহস্যময়
ছুঁয়ে দিলে কী জানি কী হয়।

তোমার শঙ্খমালার সাদায়
চিহ্ন রাখা আছে শব্দহীনতায়,
নির্জনতা জানে হয়না তার বিদায়
দূরে গিয়েও ফিরে আসা যায়।

যাত্রীহীন এই রাত্রিগুলোর বন্ধু হবে কে?
শীতের বোতাম আটকে নিয়ে সঙ্গী হবে কে?
ঐ পাথুরে ঝর্ণা জলের ঝিমঝিম উল্লাসে,
এক নিমেষে হাওয়ার ছোবল এড়িয়ে যাবে সে।

আবার ফিরে এলে জেগে আছি, পড়িনি ঘুমিয়ে,
আবার ফিরে এলে ভালোবাসায় পুড়েও যাইনি ফুরিয়ে।